গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
(রাজস্ব শাখা)
www.mymensingh.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৬১০০.০২৪.০২.০৩৯.২০-১১৭৩ তারিখ: ০৮.০৯.২০২০ খ্রি.।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখা এর ১৯.০৩.২০২০ খ্রিষ্টাব্দের ৩১.০০.০০০০.০৪৬.১১.১১৬.১২.২০৯ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এর ০৬.০৮.২০২০ খ্রিষ্টাব্দের ০৫. ৪৫. ০০০০. ০১০. ১১. ০১৪.২০.০৪ নং স্মারকে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর রাজস্ব প্রশাসনের আওতাভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জাতীয় বেতন স্কেল ২০১৫, অনুযায়ী নিয়োগের নিমিত্ত ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্ব-হস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	নাজির কাম ক্যাশিয়ার	৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬)	১১(এগার)টি	স্বীকৃত যে কোন শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
২	মিউটেশন সহকারী	৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬)	১০(দশ)টি	স্বীকৃত যে কোন শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩	সার্টিফিকেট পেশকার	৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬)	১০(দশ) টি	স্বীকৃত যে কোন শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৪	সার্টিফিকেট সহকারী	৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬)	১১(এগার)টি	স্বীকৃত যে কোন শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর আগামী ০৬.১০.২০২০ খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে লিখিত আবেদনপত্র ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি/কুরিয়ারের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর, ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক স্মারকে জারিকৃত চাকরির নির্ধারিত সংযুক্ত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীগণকে জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা জেলা প্রশাসক, ময়মনসিংহ এঁর ওয়েব সাইট (www.mymensingh.gov.bd) হতেও ডাউনলোড করা যাবে।

৩. প্রার্থীর বয়স ০৬.১০.২০২০ খ্রিষ্টাব্দ ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/ কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত দালিলাদি সংযুক্ত করতে হবে:

(ক) স্বহস্তে পূরণকৃত আবেদন ফরমের সাথে সম্প্রতি তোলা রঙ্গিন ০৩ কপি (৫x৫সে.মি.) সত্যায়িত ছবি।

(খ) ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নম্বর ১-০৭৪২-০০০০-২০৩১ তে সকল পদের জন্য ১০০/- (একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারী চালানের মূলকপি।

(গ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা কিংবা দাদা/দাদী, নানা/নানী মুক্তিযোদ্ধা হিসাবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনকারীর নাম, ঠিকানা সম্বলিত ১০.৫ x ৪.৫ সাইজের ১০/- (দশ) টাকা মূল্যের অব্যহৃত ডাকটিকিটসহ একটি ফেরত খাম।

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের ফটোকপি।

৫. সকল পদের জন্য কম্পিউটার জানা আবশ্যক। কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং এ প্রতি মিনিটে বাংলা ২০ ও ইংরেজিতে ২০ শব্দের সর্বনিম্ন গতি থাকতে হবে।

৬. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় যে সকল সনদ/কাগজপত্রাদি দাখিল/প্রদর্শন করতে হবে:

(ক) সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদন ফরমসহ সংযুক্ত কাগজপত্রাদির সত্যায়িত ০১(এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সেই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উলেখ করতে হবে।

(খ) চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি দাখিল করতে হবে।

৭. কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। বিশেষ কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৮. খামের উপরে স্পষ্ট অক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম, কোটার নাম (কোটা যদি থাকে) অবশ্যই লিখতে হবে।

৯. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সীলমোহর থাকতে হবে।

১০. চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১১. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। এ ক্ষেত্রে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩. আবেদনকারী কোন তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. কর্তৃপক্ষ পদের সংখ্যা কম/বেশি করাসহ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৮/০৯/2020

(মোঃ মিজানুর রহমান)
জেলা প্রশাসক
ময়মনসিংহ
ফোন- ০৯১-৬৫৭৭৭ (অফিস)
০৯১-৬৫৭৮৮ (বাসা)
E-mail:dcmymensingh@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৬১০০.০২৪.০২.০৩৯.২০- ১১৭৯(১০০)

তারিখ:০৮.০৯.২০২০ খ্রি.।

অনলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৬. জেলা প্রশাসক ....(সকল)

অনুলিপি: অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১. পুলিশ সুপার, ময়মনসিংহ।
২. সিভিল সার্জন, ময়মনসিংহ।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ।
৪. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।
৫. উপজেলা নির্বাহী অফিসার..(সকল), ময়মনসিংহ।
৬. সহকারী কমিশনার (ভূমি) ....(সকল), ময়মনসিংহ।
৭. জেলা সিনিয়র তথ্য অফিসার, ময়মনসিংহ। তাঁকে এ বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৮. প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ। তাকে বর্ণিত বিজ্ঞপ্তি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারিকৃত চাকরির নির্ধারিত আবেদন ফরম, জেলা প্রশাসক, ময়মনসিংহ এর ওয়েব সাইট-এ আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৯. সম্পাদক, আমাদের সময়......./ঢাকা/ ..ডেইলি...স্টান....., ময়মনসিংহ। উপরোক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ০৯.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে যে কোন একদিন (সরকারি ছুটির দিন ব্যতীত) ভিতরের পাতায় ০২(দুই) কলামে ০৮ ইঞ্চির মধ্যে প্রকাশ করে ০২(দুই) কপি পত্রিকা এ কার্যালয়ের এস.এ. শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১০. অফিস কপি/নোটিশ বোর্ড।

০৮/০৯/2020

জেলা প্রশাসক
ময়মনসিংহ